



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিবাল, ঢাকা-১০০০

বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামসু ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০১

২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ

তারিখঃ -----

০৭ জানুয়ারী ২০১৮ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল ইসলামী শরিয়াহ ভিত্তিক তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

ইসলামী শরিয়াহ ভিত্তিক পুনঃঅর্থায়ন তহবিল পরিচালনা সংক্রান্ত

নীতিমালা পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ৭ জানুয়ারী, ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০১৬ এর “কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র উদ্যোগাত্মক (নারী উদ্যোগাসহ) এবং কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোগাত্মক খাতে ইসলামী শরিয়াহ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল” পরিচালনা সংক্রান্ত নীতিমালার ৪.৪.২.৬; ৪.৪.৩.৬ ও ৪.৪.৪.২(চ) নং অনুচ্ছেদসমূহ বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০১৭ এর আলোকে নিম্নোক্তভাবে প্রতিষ্ঠাপন করা হলোঁ:

অনুচ্ছেদ	বিদ্যমান নীতিমালা	প্রস্তাবিত নীতিমালা
৪.৪.২.৬; ৪.৪.৩.৬ ও ৪.৪.৪.২(চ)	এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ত্রৈমাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত নবায়নযোগ্য। বাংলাদেশ ব্যাংক থেকে উত্তোলিত পুনঃঅর্থায়ন যোগান ত্রৈমাসিক কিসিতে মুনাফাসহ প্রতি বছরে পরিশোধ্য হবে; তবে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত এর বিপরীতে পুনঃঅর্থায়ন ১ (এক) বছর মেয়াদে পুনঃউত্তোলনযোগ্য হবে।	এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ১ (এক) বছর মেয়াদী পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত নবায়নযোগ্য। বাংলাদেশ ব্যাংক থেকে উত্তোলিত পুনঃঅর্থায়ন যোগান ত্রৈমাসিক কিসিতে মুনাফাসহ প্রতি বছরে পরিশোধ্য হবে; তবে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত এর বিপরীতে পুনঃঅর্থায়ন ১ (এক) বছর মেয়াদে পুনঃউত্তোলনযোগ্য হবে।

৩। সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(শেখ মোঃ সেলিম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২